দৈনিক বাংলা

067

তারিখ ... 23।12।79 ...
পৃষ্ঠা ... 5 কলাম 7 ...

# আট মাস বেতন নেই

আমরা ঢাকা জেলার অধীন কেরানীগঞ্জ থানার কতিপয় প্রাথমিক বিদ্যালয়ের সাত জন শিক্ষক দীর্ঘ ৭/৮ মাস যাবৎ বেতন পাচ্ছি না। থানা শিক্ষা অফিস জেলা বিদ্যালয় অফিস এমনকি মাননীয় জনশিক্ষা পরিচালকের অফিস পর্যন্ত চেষ্টা করেও কোন ফল পাইনি। আমরা সকলে রীতিমত কাজ করছি। অথচ বেতন পাচ্ছি না। এর চেয়ে দুঃখের বিষয় আর কি হতে পারে। বাজারে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে আমরা ছেলে-মেয়ে নিয়ে বহু কষ্ট দিনাতিপাত করছি। এভাবে বেতনহীনভাবে আরো কিছুদিন চললে আমাদের দুর্দশার আর শেষ থাকবে না।

এ অবস্থায় বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে আকুল আবেদন যাতে আমরা বেতন পেতে পারি তার আশু ব্যবস্থা করে পরিবার পরিজন নিয়ে বেঁচে থাকতে সাহায্য করুন।

আবু জাফর মোঃ শহিদুজ্জামান
সহকারী শিক্ষক ৫৭ নং কদমতলী
সরকারী প্রাঃ বিদ্যালয়
শুভাড্যা, ঢাকা।